The University of the State of New York

REGENTS HIGH SCHOOL EXAMINATION

**BENGALI EDITION**
**U.S. HISTORY AND GOVERNMENT**
**WEDNESDAY, JANUARY 24, 2024**
**9:15 A.M. TO 12:15 P.M., ONLY**

# মার্কিন যুক্তরাষ্ট্রের ইতিহাস এবং সরকার

**বুধবার,** 24 জানুয়ারি, 2024 — 9:15 a.m. থেকে 12:15 p.m. পর্যন্ত

শিক্ষার্থীর নাম ______________________________________________

স্কুলের নাম ______________________________________________

**এই পরীক্ষা দেওয়ার সময় কোনো যোগাযোগের ডিভাইস সাথে রাখা বা ব্যবহার করা কঠোরভাবে নিষিদ্ধ। আপনার কাছে যদি কোনো যোগাযোগের ডিভাইস থাকে বা তা ব্যবহার করেন, তা যত সীমিত সময়ের জন্যই হোক না কেন, আপনার পরীক্ষাটি বাতিল করা হবে এবং আপনার জন্য কোনো নম্বর গণনা করা হবে না।**

উপরের লাইনগুলিতে আপনার নাম ও আপনার স্কুলের নাম লিখুন। অংশ I এর জন্য একটি পৃথক উত্তরপত্র আপনাকে প্রদান করা হয়েছে। আপনার উত্তর-পত্রের শিক্ষার্থী সম্পর্কিত তথ্য সম্পন্ন করার জন্য প্রক্টরের দেওয়া নির্দেশাবলী অনুসরণ করুন। তারপর আপনার রচনা পুস্তিকার প্রতিটি পৃষ্ঠার শিরোনাম পূরণ করুন।

এই পরীক্ষাটির তিনটি অংশ আছে। আপনাকে এই পরীক্ষার প্রত্যেকটি অংশের **সব** কটি প্রশ্নের উত্তর দিতে হবে। অংশ II, III A, এবং III B-র উত্তর লেখার জন্য কালো বা গাঢ় নীল কালি ব্যবহার করুন।

**অংশ I** এ 28টি বহু-নির্বাচনী প্রশ্ন আছে। উত্তর পত্রে যেভাবে নির্দেশ দেওয়া আছে সেই ভাবে এই প্রশ্নগুলির উত্তরগুলি লিপিবদ্ধ করুন।

**অংশ II** এ দু'টি সংক্ষিপ্ত-রচনা ধরনের প্রশ্ন আছে। রচনার পুস্তিকাতে এই প্রশ্নগুলির উত্তর লিখুন, পৃষ্ঠা 3 থেকে শুরু করে।

**অংশ III** বেশ কয়েকটি নথির উপর ভিত্তি করা:

**অংশ III A**-তে নথিগুলি আছে। আপনি যখন পরীক্ষার এই অংশে পৌঁছাবেন, এই বিভাগের প্রথম পৃষ্ঠায় আপনার নাম এবং আপনার স্কুলের নাম লিখবেন।

প্রতিটি নথির পরে একটি করে প্রশ্ন আছে। এই পরীক্ষার পুস্তিকার' প্রতিটি প্রশ্নের উত্তর সেই প্রশ্নের পরে দেওয়া লাইনগুলিতে লিখুন।

**অংশ III B**-তে একটি রচনা ধরনের প্রশ্ন থাকে যা নথিগুলির উপর ভিত্তি করে করা হয়। রচনার পুস্তিকাতে এই প্রশ্নগুলির উত্তর লিখুন, পৃষ্ঠা 7 থেকে শুরু করে।

পরীক্ষা সম্পন্ন করার পরে আপনাকে অবশ্যই উত্তরপত্রের শেষে মুদ্রিত ঘোষণায় স্বাক্ষর করতে হবে এই মর্মে যে পরীক্ষার আগে প্রশ্ন বা উত্তরগুলি সম্পর্কে আপনার কোনো আইন বিরুদ্ধ জ্ঞান ছিল না এবং পরীক্ষা চলাকালীন আপনি কোনো প্রশ্নের উত্তর দেওয়ার জন্য সহায়তা প্রদান করেননি বা পাননি। আপনি এই ঘোষণায় স্বাক্ষর না করলে আপনার উত্তরপত্র গ্রহণ করা যাবে না।

**সঙ্কেত না দেওয়া অবধি এই পরীক্ষার পুস্তিকা খুলবেন না।**

## অংশ I

**এই অংশের সকল প্রশ্নের উত্তর দিন।**

*নির্দেশনা* (1–28): প্রত্যেকটি বিবৃতি বা প্রশ্নের জন্য, প্রদত্ত শব্দ বা রাশিগুলি থেকে সেই শব্দটি বা রাশিটির *নম্বর* পৃথক উত্তরপত্রে লিপিবদ্ধ করুন যা বিবৃতিটি সর্বোত্তমভাবে সম্পন্ন করে অথবা প্রশ্নটির উত্তর দেয়।

1ও 2 এর প্রশ্নগুলির উত্তর নিচে দেওয়া অনুচ্ছেদ এবং আপনার সমাজ বিদ্যার জ্ঞানের উপর ভিত্তি করে দিন।

> ভাইয়েরা, আমাদেরকে ইংরেজদের মতন ঐক্যবদ্ধ হতে হবে নয়তো আমরা ধ্বংস হয়ে যাব। তোমরা নিশ্চইই জানো যে, আমাদের পূর্বপুরুষদের কাছে হরিণ ও তার চামড়ার অঢেল জোগান ছিল, এবং আমাদের বাসভূমি ছিল খেলায় উন্মত্ত ও টার্কির ভিড়ে পূর্ণ, এবং আমাদের নদীনালা ছিল মাছে ভরা।
>
> কিন্তু, যবে থেকে এই ইংরেজরা আমাদের দখল নিয়েছে, তবে থেকে ওরা ঘাস-কাটারি দিয়ে ঘাস কেটেছে, কুঠার দিয়ে গাছ মেরেছে। তাদের গরু ঘোড়ারা আমাদের ঘাস খেয়েছে, শূকর আমাদের ঝিনুকশয্যা নষ্ট করেছে; এবং শেষ অব্দি আমরা না খেতে পেয়ে মরব; তাই, আমি অনুরোধ করছি, নিজের আলোয় আলোকিত হয়ে দাঁড়িয়ে না থেকে বীরের মতো আচরণ করে এর সমাধান করো। পূর্ব ও পশ্চিমের সমস্ত আদিবাসী গোষ্ঠীর নেতা আমাদের সাথে মিলিত হয়েছেন, এবং আমরা একটি নির্ধারিত দিনে ওদের আক্রমণ করব, তাই আমি গোপনে তোমাদের কাছে এলাম, যাতে তোমরা যা করতে যাচ্ছ তা তোমাদের বাকি আদিবাসী বন্ধুদেরকেও বোঝাতে পারো।

উৎস: Narragansett Chief Miantonomo

1 অনুচ্ছেদে উল্লিখিত ঘটনাটি ঘটার কারণ

(1) আমেরিকার স্থানীয় অধিবাসীদের প্রাকৃতিক সম্পদের অপচয়
(2) উত্তর আমেরিকায় ইউরোপীয়দের বসতি স্থাপন
(3) ব্রিটিশ ও উত্তর আমেরিকার স্থানীয় অধিবাসীদের মধ্যে বিবাহ
(4) উত্তর আমেরিকার আদিবাসী গোষ্ঠীপতিরা ঔপনিবেশিকদের ধ্বংস করার নির্দেশ দিয়েছিল

2 চিফ মিয়ান্তনোমো (Chief Miantonomo) কোন পদক্ষেপকে সমর্থন করেছিল?

(1) গ্রাম ছেড়ে শিকারি বা সংগ্রাহক হওয়াকে
(2) আপ্পালাসিয়ান পর্বতের দক্ষিণে নতুন করে বসতি গড়ে তোলাকে
(3) ঔপনিবেশিক শক্তির বিরুদ্ধে লড়াই করার জন্য জোট তৈরি করাকে
(4) ইংরেজ উপনিবেশিকদের সাথে শান্তিচুক্তি স্থাপন করাকে

সমাজবিদ্যার পাঠের ভিত্তিতে নিচের উদ্ধৃতির 3 এবং 4 নম্বর প্রশ্নের উত্তর দিন।

> . . . "যখন কোনো সরকার ধ্বংসাত্মক হয়ে ওঠে, তখন তাকে উপড়ে ফেলা বা মুছে দেওয়া আমাদের ব্যক্তি অধিকার,". . .

3 এই উদ্ধৃতি কোন আধুনিক নীতিকে নির্দেশ করে?

(1) সমান অধিকার
(2) ধর্মীয় স্বাধীনতা
(3) ক্ষমতার বিভাজন
(4) শাসিতদের সম্মতি

4 এই উক্তিটি মার্কিন বিপ্লবে কী প্রভাব ফেলেছিল?

(1) এটি ঔপনিবেশিক রাজতন্ত্র প্রতিষ্ঠা করেছিল।
(2) এটি ইংরেজদের সাথে আপোষ করার সংকল্পকে সমর্থন জুগিয়েছিল।
(3) ঔপনিবেশিকদের স্বাধীনতার লড়াইকে ন্যায়সঙ্গতি দেওয়ার কাজে সহায়তা করেছিল।
(4) ইউরোপে ব্রিটিশ সেনার উপস্থিতি বাড়িয়ে তুলেছিল।

---

সমাজবিদ্যার পাঠের ভিত্তিতে নিচের উদ্ধৃতির 5 এবং 6 নম্বর প্রশ্নের উত্তর দিন।

> আমাদের গতিশীল জাহাজেরা
> যারা রাঙিয়ে দিয়ে সাগর একদা
> যাত্রা করে দূরে ফিরে এসেছিল পণ্যরাশি ভরে
> এখন তা ধ্বংস হয়ে
> তারা এখন শিকার
> জেফারসন, ওয়র্মস ও এমবার্গোর।

উৎস: Henry Mellen, 1808,
Massachusetts Historical Society Broadsides

5 এই গানটিতে যে দৃষ্টিভঙ্গি প্রকাশ পায়, সেটি হল

(1) দাসত্ব বৃদ্ধির বিরোধিতা
(2) ইউরোপীয় যুদ্ধে মার্কিন যুক্তরাষ্ট্রের যুক্ত থাকার পক্ষে সমর্থন
(3) নিষেধকে সমর্থন
(4) মার্কিন পণ্যের রপ্তানির ওপর নিষেধাজ্ঞার বিরোধিত করা

6 রাষ্ট্রপতি থমাস জেফারসন (Thomas Jefferson)-এর নিষেধাজ্ঞা নিয়ে নবনির্মিত ইংল্যাণ্ড-এর সন্দিহান হওয়ার কারণ কী ছিল?

(1) এটি গোটা দেশকে শ্রমশক্তি জুগিয়েছিল।
(2) এটি বৈদেশিক বাণিজ্য এবং তার অর্থনৈতিক উন্নতির উপর নির্ভরশীল ছিল।
(3) এটি ব্রিটিশ অধিকৃত কানাডার উত্তর দিকের সীমানা নির্ধারণ করে দিয়েছিল।
(4) এটি গোটা দেশের যেকোনো অংশের থেকে বেশি কৃষিজাত দ্রব্য উৎপন্ন করেছিল।

---

সমাজবিদ্যার জ্ঞানের ভিত্তিতে নিচে দেওয়া ম্যাপে 7 এবং 8 নম্বর প্রশ্নের উত্তর দিন।

**মেক্সিকোর সাথে গণপ্রজাতন্ত্রী টেক্সাসের সীমানা সংক্রান্ত বিরোধ, 1836**




উৎস: maps.com (অভিযোজিত)

7 এই মানচিত্র যে বিষয় পড়ার জন্য যথাযথ হতে পারে

(1) 1812 সালের যুদ্ধ
(2) মনরোর তত্ত্ব
(3) ম্যানিফেস্ট ডেস্টিনি তত্ত্ব
(4) সামাজিক ডারউইনবাদ

8 ম্যাপে বিবৃত সংকটের অবসান হয়

(1) মিসৌরি আপোষমূলক আইন দ্বারা
(2) মার্কিন যুক্তরাষ্ট্র ও মেক্সিকোর যুদ্ধ দ্বারা
(3) কানাস-নেব্রাস্কা আইন দ্বারা
(4) গিবন্স *(Gibbons)* বনাম অগডেন *(Ogden)* মামলার বিচার দ্বারা

সমাজবিদ্যার জ্ঞানের ভিত্তিতে নিচে দেওয়া ম্যাপে 9 এবং 10 নম্বর প্রশ্নের উত্তর দিন।

**সাতচল্লিশতম কংগ্রেস প্রথম অধিবেশন, 1882 126তম অধ্যায়**
**চীনের জনগণ সম্বন্ধীয় নির্দিষ্ট কিছু শর্তাবলী কার্যকরী করানোর আইন**

> . . . *প্রস্তাবনা।* যেখানে, মার্কিন সরকারের মতে কোনো চীনা শ্রমিকের এদেশে আসা নাকি স্থানীয় কিছু অঞ্চলের শৃঙ্খলা নষ্ট করে: অতঃপর, সেনেট ও মার্কিন যুক্তরাষ্ট্রেরের প্রতিনিধি কক্ষের ও কংগ্রেসের উপস্থিতিতে এই ঘোষণা করা হচ্ছে যে এই অনুচ্ছেদটি পড়ার পর আজকে থেকে নব্বই দিন অবধি এবং দশ বছরে এই আইনটির মেয়াদ শেষ হওয়া অবধি কোনো চীনা শ্রমিকের মার্কিন যুক্তরাষ্ট্রে আসা স্থগিত থাকবে; এবং এই সময়কালে কোনো শ্রমিক এলে তা বেআইনি হিসেবে গন্য হবে, এবং উল্লিখিত নব্বই দিনের পর যদি বা আসে তাহলে তাকে মার্কিন যুক্তরাষ্ট্রের মধ্যেই থাকতে হবে. . . .

উৎস: National Archives and Records Administration

9 উদ্ধৃতি অনুযায়ী কংগ্রেসের এই আইনের উদ্দেশ্য কী?
(1) মার্কিন যুক্তরাষ্ট্রে কাজের জন্য নিয়োগ হওয়া শ্রমিকদের সংখ্যা বৃদ্ধি করা
(2) চীনা শ্রমিকদের মার্কিন যুক্তরাষ্ট্রে প্রবেশ থেকে বিরত রাখা
(3) বিপজ্জনক কাজের পরিস্থিতি থেকে ইউরোপীয় অভিবাসীদের রক্ষা করা
(4) বিদেশে জন্ম হওয়া অভিবাসীদের সশস্ত্র বাহিনীতে যোগদান করানো

10 কংগ্রেসের এই আইন এর উদ্দেশ্যকে সমর্থন করে
(1) সংরক্ষণবাদীদের
(2) বিলোপবাদীদের
(3) শিল্পপতিদের উদ্দেশ্যকে
(4) নেটিভিস্টদের

সমাজবিদ্যার জ্ঞানের ভিত্তিতে নিচে দেওয়া ছবিতে 11 এবং 12 নম্বর প্রশ্নের উত্তর দিন।

**হোয়াইট হাউজের সামনে নারীরা তাদের ভোটাধিকারের দাবিতে 1917 সালে পিকেটিং করে।**




উৎস: Library of Congress (অভিযোজিত)

11 20 শতকে নারীবাদী আন্দোলনের প্রধান উদ্দেশ্য ছিল

(1) রাজনৈতিক সমতা অর্জন করা
(2) সমপরিমাণ কাজের জন্য সমান পারিশ্রমিক
(3) বসবাসের অবস্থার উন্নতি ঘটানো
(4) আরও ভালো কাজের সুযোগ পাওয়া

12 এই প্রতিবাদ কেন বিতর্কিত হিসেব স্বীকৃতি পেয়েছিল তা যে বিবৃতি সবচেয়ে সঠিকভাবে প্রকাশ করে

(1) সেনেট তার আগেই নিষেধাজ্ঞা বাতিল করে দিয়েছিল
(2) দেশ সরকারি দুর্নীতির জন্য জনগণের ক্ষোভের শিকার হচ্ছিল
(3) রাষ্ট্রপতি উইলসন (Wilson) তার চতুর্দশতম পয়েন্টে নারীদের দাবিকে অন্তর্ভুক্ত করেনি
(4) জার্মান সাবমেরিন যখন মার্কিন জাহাজ আক্রমণ করছিল, তখন ভোটাধিকারীরা পিকেটিং করছিলেন।

সমাজবিদ্যার জ্ঞানের ভিত্তিতে নিচে দেওয়া ছবিতে 13 এবং 14 নম্বর প্রশ্নের উত্তর দিন।

**আমিও**

আমিও, গাই আমেরিকা।

আমি কালো ভাই।
ওরা আমাকে খেতে রান্নাঘরে পাঠায়
যখন কেউ আসে
তবে আমি হাসি,
ভালো করে খাই
ও হয়ে উঠি বলবান

আগামীদিনে,
আমি থাকব ওই টেবিলে
যখন সহযোগী আসবে
কেউ সাহস দেখাবে না
আমাকে এ কথা বলার, যে
"রান্নাঘরে খেতে যাও।"
তখন

এর পাশে
ওরা দেখবে, আমি কত সুন্দর
আর লজ্জিত হবে

আমিও, আমেরিকা।

উৎস: Langston Hughes, 1924, in Rampersad and Roessel, eds., *The Collected Poems of Langston Hughes*, Alfred A. Knopf

13 1924 সালে ল্যাংস্টন হিউ (Langston Hughes)-এর লেখা এই কবিতাটির মুখ্য বিষয় কী?

(1) দেশভক্তি
(2) জাতিয়তাবাদ
(3) জাতিগত গর্ববোধ
(4) পরোক্ষ প্রতিরোধ

14 এই কবিতাটিতে যে সাংস্কৃতিক আন্দোলনের উদাহরন আছে, তা হল

(1) ট্রান্সেন্ডেন্টালিজম
(2) সামাজিক ডারউইনবাদ
(3) লস্ট জেনারেশন
(4) হারলেম নবজাগরণ

সমাজবিদ্যার জ্ঞান ভিত্তিতে নিচে দেওয়া কার্টুনের ভিত্তিতে 15 এবং 16 নম্বর প্রশ্নের উত্তর দিন।

**এটিকে নিয়ন্ত্রণের একমাত্র পথ**




উৎস: Milton Halladay, *Providence Journal* (অভিযোজিত)

15 কার্টুনে অঙ্কিত দৃষ্টিভঙ্গির সাথে কোন পলিসি সরাসরি সম্পর্কযুক্ত?

(1) পরদেশে বাস করার জন্য সংরক্ষণ প্রতিষ্ঠা।
(2) প্রথম বিশ্বযুদ্ধের উদ্বাস্তুদের জন্য কর্মসংস্থান করা।
(3) আমদানির জন্য করমূল্য বাড়ানো।
(4) ফেডারেল কর্তৃপক্ষের অভিবাসীদের সহায়তা প্রদান আবশ্যিক।

16 এই কার্টুনে প্রকাশিত পলিসিটি যার প্রতিক্রিয়া ছিল, সেট হল

(1) দেশের দাবি ছিল মার্কিন যুক্তরাষ্ট্র যেন অভিবাসনের ব্যাপারে আরও উদার পলিসি গ্রহণ করে।
(2) মার্কিন যুক্তরাষ্ট্রের সাংস্কৃতিক ভাবে আরও বৈচিত্র্যময় হওয়ার প্রয়োজন, এই বিশ্বাস
(3) পূর্ব ও দক্ষিণ ইউরোপ থেকে ক্রমান্বয়ে অভিবাসীদের আগমণ বৃদ্ধি।
(4) আরও একাধিক শ্রমিকের সংগঠিত কর্মনিয়োগের জন্য নেতাদের দাবি

সমাজবিদ্যার জ্ঞান অনুযায়ী নিচে দেওয়া চিঠির ভিত্তিতে 17 এবং 18 নম্বর প্রশ্নের উত্তর দিন।

24 মার্চ, 1935

প্রিয় পরিবার,

তোমরা কেউ কেউ কি মনে কর, যে একটা ধুলোর ঝড় উঠেছে? আমি বলছি, এটা কী ছিল। আমরাই বিছানা, কার্পেট ইত্যাদি নড়াচ্ছিলাম।

এক সপ্তাহেরও বেশি সময় ধরে আমরা একটা খারাপ সময় কাটাচ্ছি। ধুলো উগ্র প্রকৃতির। মাঝেমধ্যে এ এমন ঝড় তোলে, যার পরে আবার চারপাশ স্পষ্ট দেখা যায়; এমনকি সূর্য খানিক সময়ের জন্য জ্বললেও পরিচ্ছন্নতার অনুভূতি পেতে উন্মত্তভাবে পরিষ্কার করি।

আমরা আগলের উপর ভেজা কাগজ জড়িয়ে জানলা ও দরজা শক্ত করে বন্ধ করে রাখি। দেওয়ালের গা থেকে সেই নোংরার ছোট্ট কণা দেখা যায়। আমার রান্নাঘরের মেঝেতে দুবার এর পুরু আস্তরণ জমেছিল. . . .

যখন দরজা খোলা হয়, তখন মাটির ঘূর্ণিঝড় এসে আমাদের গায়ে লাগে, আমরা আবার সেখানেই ফিরে যাই, আর খুশি হই। ঘরের সামনের সড়কবাতিটাও দেখতে পাওয়া যায় না. . . .

বাগানের ক্ষেত্রে, আমাদের চষা মাটি আছে, কিন্তু এখন জানি না কোথায় বেশি বা কম আছে। তাই, কিছু রোপণ করা সেখানে অর্থহীন।

অনুগ্রহ

উৎস: Deb Mulvey, ed., “We Had Everything but Money” (অভিযোজিত)

17 এই চিঠিতে বর্ণিত পরিস্থিতির একটি মুখ্য প্রভাব কী ছিল?

(1) গ্রেট প্লেইন্স-এ বসতি স্থাপন নিষিদ্ধ হয়।
(2) বহু পরিবারকে উচ্ছেদ করে পশ্চিমদিকে যেতে বাধ্য করা হয়।
(3) পারিবারিক খামারের কর বেড়ে যায়।
(4) কৃষিজাত দ্রব্যের রপ্তানি সীমাবদ্ধ হয়।

18 এই পরিস্থিতিকে স্বাভাবিক করতে কোন পদক্ষেপ গ্রহণ করা হয়?

(1) দ্য সিকিউরিটি অ্যাণ্ড এক্সচেঞ্জ কমিশন পণ্য পরিকল্পনাকে সীমিত করে।
(2) দ্য সিভিলিয়ান কনভার্সেশন কর্পস পুনর্বনায়ন প্রকল্প গ্রহণ করে।
(3) সামাজিক নিরাপত্তা আইন বহুপ্রাচীন পেনশন প্রদান করে।
(4) ফেডারেল ইনশিওর্যান্স আমানতকারী কর্পোরেশন ব্যাঙ্কের সেভিংস অ্যাকাউন্ট সুরক্ষিত করে।

সমাজবিদ্যার জ্ঞানের অনুসারে নিচে দেওয়া অনুচ্ছেদে 19 নম্বর প্রশ্নের উত্তর দিন।

> . . . আমি বিশ্বের এক তৃতীয়াংশ দেশকে ভাঙা ঘর, ছেঁড়া পোশাক ও ভগ্ন স্বাস্থ্যে বাঁচতে দেখি।
>
> তবে, এই ছবিটিকে আমি দুঃখের আবহে প্রকাশ করব না। আমি এই ছবি আশা দেখানোর জন্য আঁকি, কারণ জাতি এর মধ্যে অবিচার দেখতে পাচ্ছে এবং অনুধাবন করে তাকে আঁকতে পারছে। আমরা প্রত্যেক মার্কিন নাগরিককে তার দেশের আগ্রহ ও চিন্তার বিষয় রূপে স্বীকৃতি দিতে চাই, এবং নিজেদের সীমানার মধ্যে কোনো নীতিশীল গোষ্ঠীকে অনাবশ্যক মনে করব না। আমাদের উন্নতির পরীক্ষা এতে নয় যে, যাদের অনেক আছে তাদের প্রাচুর্যে আমরা আরও যোগ করি কি না; বরং যদের খুব কম আছে তাদের জন্য যথেষ্ট প্রদান করা হয় কিনা, তাতে. . .

উৎস: President Franklin D. Roosevelt,
Second Inaugural Address, January 20, 1937 (অভিযোজিত)

19 পরবর্তী কোন রাষ্ট্রপতি প্রোগ্রাম এই অনুচ্ছেদে বিবৃত ভাবনার সাথে সবচেয়ে সামঞ্জস্যপূর্ণ?

(1) রাষ্ট্রপতি লিন্ডন বি জন্সন (Lyndon B. Johnson)-এর গ্রেট সোসাইটি, 1960 এর দশকে।

(2) রাষ্ট্রপতি জিমি কার্টার (Jimmy Carter)-এর ক্যাম্প ডেভিড, 1970 এর দশকে।

(3) রাষ্ট্রপতি রোনাল্ড রেগান (Ronald Reagan)-এর supply-side fiscal policy(সাপ্লাই সাইড ফিস্কাল পলিসি), 1980 এর দশকে।

(4) রাষ্ট্রপতি জর্জ ডব্লিউ. বুশ (George W. Bush)-এর War on Terror (সন্ত্রাসের বিরুদ্ধে লড়াই), 2000 এর দশকে।

সমাজবিদ্যার জ্ঞান অনুসারে নিচে দেওয়া কার্টুনের ভিত্তিতে 20 এবং 21 নম্বর প্রশ্নের উত্তর দিন।

**"সুপ্রিম কোর্টের ব্যবহারিক সহায়তা উন্নতির জন্য"**




উৎস: Gene Elderman, *Washington Post*, February 6, 1937 (অভিযোজিত)

20 রাষ্ট্রপতি ফ্রাঙ্কলিন ডি. রুজভেল্ড (Franklin D. Roosevelt)-এর কার্টুনে বর্ণিত পদক্ষেপ গ্রহণ করার প্রধান কারণ কী?

(1) সুপ্রিম কোর্টের সদস্য পদ লাভ করার জন্য বৃহত্তর সামাজিক বৈচিত্র্য প্রয়োজন ছিল।

(2) সুপ্রিম কোর্ট নতুন কিছু অসাংবিধানিক প্রোগ্রাম ঘোষণা করে।

(3) সুপ্রিম কোর্টের বর্তমান বিচারব্যবস্থা সঠিকভাবে ক্রিয়াশীল ছিল না।

(4) সুপ্রিম কোর্টের আইনি এখতিয়ার বিস্তার করার প্রয়োজন ছিল।

21 রাষ্ট্রপতি রুজভেল্ড (Roosevelt)-এর গৃহীত পদক্ষেপের জন্য কোন সাংবিধানিক নীতি প্রশ্নের সম্মুখীন হয়?

(1) চেক ও ব্যালেন্স

(2) যুক্তরাষ্ট্রীয়তা

(3) জনপ্রিয় সার্বভৌমত্ব

(4) সীমাবদ্ধ সরকার

সমাজবিদ্যার জ্ঞান অনুযায়ী ও নিচে দেওয়া অনুচ্ছেদের ভিত্তিতে 22 এবং 23 নম্বর প্রশ্নের উত্তর দিন।

> . . . সত্যিটা হল এই যে, আগামী তিন চার বছর ইউরোপেরে বিশেষত মার্কিন আমেরিকার কাছ থেকে যা প্রয়োজন তা এই মুহূর্তে তার এখনকার মতো দেওয়ার ক্ষমতার বাইরে, তাই, তা শোধ করার জন্য হয় তাকে বাইরে থেকে সামগ্রীগত সাহায্য নিতে হবে নয়তো আর্থিক, সামাজিক ও রাজনৈতিক ক্ষতির শিকার হতে হবে।
>
> বিশ্বের হতাশাজনক দশার পাশাপাশি কিছু মানুষের উদ্বেগের ফলে পৃথিবীতে যে বিশৃঙ্খলা তৈরি হতে চলেছে, তাতে মার্কিন যুক্তরাষ্ট্রের অর্থনীতি সকলের ভরসা হয়ে উঠবে। বিশ্বের স্বাভাবিক অর্থনীতিকে ফিরিয়ে আনার জন্য মার্কিন যুক্তরাষ্ট্রের পক্ষে যা করা সম্ভব তাইই করা যৌক্তিক, নয়তো কোনো রাজনৈতিক স্থিতি কিংবা শান্তি আসবে না। আমাদের পলিসি কোনো দেশ কিংবা তত্ত্বের বিরুদ্ধে নয়, বরং খিদে, দারিদ্র্য, দুঃসাহস এবং বিশৃঙ্খলার বিপক্ষে। গোটা বিশ্বে ক্রিয়াশীল স্বাভাবিক অর্থনীতিকে ফিরিয়ে এনে রাজনৈতিক ও সামাজিক স্থিতিকে প্রতিষ্ঠার মাধ্যমে যাতে একটি স্বাধীন প্রতিষ্ঠান বেঁচে থাকতে পারে, তা নিশ্চিত করাই এর উদ্দেশ্য. . .

উৎস: Secretary of State George Marshall, June 5, 1947

22 ইউরোপে এই পলিসি প্রয়োগের মাধ্যমে, মার্কিন যুক্তরাষ্ট্র চেয়েছিল

(1) গণতান্ত্রিক সরকার
(2) সামরিক একনায়কতন্ত্র
(3) জনসংখ্যার বৃদ্ধি
(4) উপনিবেশবাদ

23 জর্জ মার্শাল (George Marshall)-এর প্রস্তাব কোন পররাষ্ট্র নীতিকে সরাসরি সমর্থন করে?

(1) বিচ্ছিন্নতাবাদ
(2) দমন
(3) সাম্রাজ্যবাদ
(4) নিরস্ত্রীকরণ

সমাজবিদ্যার জ্ঞান অনুযায়ী ও নিচে দেওয়া অনুচ্ছেদের ভিত্তিতে 24 এবং 25 নম্বর প্রশ্নের উত্তর দিন।

> *[সাংবাদিক মাইক (Mike)] WALLACE* (য়ালেস): ঠিক আছে, স্যার। একটি ফেডারেল জেলা আদালত ইতোমধ্যেই রায় দিয়েছে যে, লিটল রক [আরকানসাস] সেন্ট্রাল হাই স্কুল, আরাকানসাসকে সংহত করতে হবে। স্কুলের দুর্বলতা এই মুহূর্তে সুসংহত করার পথে বাধা। রাষ্ট্রপতি ডোয়াইট ডি. এইশেনআওয়ার (Dwight D. Eisenhower)-এর মতকে সমীহ করে আপনি কি আগামীকাল বিদ্যালয়ের সংহতিকরণ শুরু করার ব্যাপারে সম্মতি দেবেন?
>
> *[রাজ্যপাল অরভাল (Orval)] FAUBUS* (ফবাস): আমি আগেই বিদ্যালয়কে সুসংহত করার ব্যাপারে আমার সম্মতি দিয়েছি। নিরাপত্তারক্ষীকে সংহতকরণের কাজ রুখতে ডাকা হয়নি, তাকে কমিউনিটির শান্তি ও শৃঙ্খলা বজায় রাখতে আনা হয়েছে। আর হ্যাঁ, এ কথা ঠিক যেখানে প্রাঙ্গনে শান্তি শৃঙ্খলা বজায় রাখা সর্বোচ্চ প্রাধান্য সেখানে আমরা ফেডারেল কোর্টের অবজ্ঞা করছি, এই অভিযোগটি মানছি না. . . .

উৎস: Mike Wallace interview with
Arkansas Governor Orval Faubus, September 15, 1957

24 এই সাক্ষাৎকারে হওয়া কথোপকথন সুপ্রিম কোর্টকে যে বিষয়ে সিদ্ধান্ত নিতে বাধ্য করে, তা হল


(1) *ড্রেড স্কট বনাম স্যানফোর্ড*
(2) *প্লেসি বনাম ফার্গুসান*
(3) *ব্রাউন বনাম টোপেকার শিক্ষা বোর্ড*
(4) *আতলান্টা মোতেলের কেন্দ্র বনাম মার্কিন যুক্তরাষ্ট্র*

25 রাষ্ট্রপতি এইশেনআওয়ার (Eisenhower) এই সাক্ষাৎকারে উত্থাপিত সমস্যার বিষয়ে কোন পদক্ষেপ গ্রহণ করেছিলেন?

(1) আরাকানসাতে থাকা আফ্রো মার্কিন শিক্ষার্থীদের রক্ষার জন্য ফেডারেল নিরাপত্তা বাহিনী পাঠিয়েছিলেন।
(2) কংগ্রেসের দ্বারা পাস করা ভোটাধিকার আইনে স্বাক্ষর করা
(3) আরকানসাসের গভর্নর অর্ভাল ফাবুস (Orval Faubus)-কে পদত্যাগ করতে বাধ্য করেছিলেন।
(4) দক্ষিণ দিকে অবস্থিত সমস্ত বিদ্যালয়কে বিচ্ছিন্ন করেছিলেন।

আপনার সমাজবিদ্যার জ্ঞান অনুযায়ী ও নিচে দেওয়া কার্টুনের ভিত্তিতে 26 নম্বর প্রশ্নের উত্তর দিন।

**অন্যান্য অজানায় আরোহণ**




উৎস: Herblock, *Washington Post*, June 10, 1965

26 এই কার্টুনে যে পরিস্থিতি অঙ্কিত হয়েছে, তার প্রধান ফলাফল কি হয়েছিল?

(1) একজন দায়িত্বশীল রাষ্ট্রপতির জন্য রাজনৈতিক সমর্থন বেড়ে গিয়েছিল।

(2) বাইরের প্রদেশে মার্কি হস্তক্ষেপ বিতর্ক জোরালো হয়েছিল।

(3) মার্কিনী পররাষ্ট্রনীতির উপর সম্মিলিত জাতিপুঞ্জের প্রভাব বেড়ে গিয়েছিল।

(4) স্বদেশী প্রোগ্রামে ব্যয় বেড়ে গিয়েছিল।

সমাজবিদ্যার জ্ঞান অনুসারে ও নিচে দেওয়া অনুচ্ছেদের ভিত্তিতে 27 এবং 28 নম্বর প্রশ্নের উত্তর দিন।

> আট মাস আগে আমি 1967-র হোলসাম মীট অ্যাক্টে স্বাক্ষর করেছিলাম। ল্যান্ডমার্ক বিলটি থিওডর রুজভেল্ড (Theodore Roosevelt)-এর শাসনকালে 60 বছর আগে প্রায় একটি ক্রুসেড বাধায়; মার্কিন গৃহবধূরা তাদের পরিবারে যে মাংস পরিবেশন করে তা খাঁটি, স্বাস্থ্যকর এবং রোগগ্রস্ত কি না তা পরীক্ষার জন্য এই আইনটি পাস করা হয়।
>
> আজকে দাঁড়িয়ে সকল পোল্ট্রি পন্যের উপর একই কভারেজ প্রদানকারী একটি বিলে সই করতে পেরে আমার গর্ব হচ্ছে। রাষ্ট্রপতি হওয়ার পর আমার প্রথম গ্রাহকদের উদ্দেশ্যে দেওয়া বার্তায় গৃহবধূদের প্রতি যে প্রতিশ্রুতি দিয়েছিলাম, তার পূরণ হল।
>
> এই শতকের প্রথম দিকে খাবার কেনার মধ্যে যে বিপদ থাকতে পারে সে বিষয়টিতে আমেরিকানরা গুরুত্ব দিত না। তারা এ নিয়ে মজাও করত। একটি সংবাদপত্রে এমন একটি কবিতাও ছাপান হয়:
>
> "মেরির একটা ভেড়া ছিল
> যখন তাকে সে দেখল অসুস্থ
> তাকে পাঠাল সে প্যাকিং টাউনে
> এখন সে নাম পেল চিকেন।"
>
> 1968-তে আমরা অস্বাস্থ্যকর খাবারের বিষয়টি ও এমনকি ছবিও সহ্য করতে পারতাম না:
>
> —এমনকি যখন মার্কিনরা গতবছর 12-বিলিয়ন পাউন্ড পোল্ট্রি গ্রাস করল, তখনও না।
>
> —যখন রপ্তানির 13 শতাংশ—কিংবা 1.6 বিলিয়ন পাউন্ড—মুরগি একবারও পরীক্ষিত হল না, কারণ তা রাজ্যের বাইরে যায়নি. . .
>
> হোলসাম পোল্ট্রি পণ্য আইন, 1968, সমস্ত অপরিষ্কার খামারকে হয় পরিষ্কার নয়তো ঝাঁপ বন্ধ করাকে নিশ্চিত করবে...

উৎস: President Lyndon B. Johnson, Statement Upon Signing the Wholesome Poultry Products Act, August 19, 1968

27 রাষ্ট্রপতি লিন্ডন বি. জন্সন (Lyndon B. Johnson)-এর বিবৃতি কোন প্রগতিশীল প্রশ্নকারীর সাথে কাজের সাথে সামঞ্জস্যপূর্ণ?

(1) জেন. অ্যাডামস (Jane Addams)
(2) জ্যাকব রিলস (Jacob Riis)
(3) আপ্টন সিনক্লেয়ার (Upton Sinclair)
(4) ইডা বি. ওয়েলস (Ida B. Wells)

28 রাষ্ট্রপতি জন্সন (Johnson)-এর বিবৃতি থেকে কোন সিদ্ধান্তে আসা যায়?

(1) রাষ্ট্রপতি জন্সন (Johnson) পুলিশদের শিল্পকে নিয়ন্ত্রণমুক্ত করার ব্যাপারে সহায়তা করেন।
(2) মার্কিন যুক্তরাষ্ট্রের পোল্ট্রির ব্যবহার কমে।
(3) ফেডারেল সরকারের মাংস প্যাকিং ক্ষেত্রের মালিকানা গ্রহণ করা উচিৎ।
(4) রাষ্ট্রপতি Johnson (জন্সন) উপভোক্তার নিরাপত্তা বৃদ্ধিতে সমর্থন জানান।

**সংক্ষিপ্ত-রচনা ধরনের প্রশ্নগুলির (29 এবং 30) উত্তর এবং নাগরিক স্বাক্ষরতা রচনা ধরনের প্রশ্নের উত্তর (37) পৃথক রচনা পুস্তিকায় লিখতে হবে।**

### অংশ II

### সংক্ষিপ্ত-রচনা ধরনের প্রশ্নগুলি (SEQগুলি)

**এই সংক্ষিপ্ত-রচনা ধরনের প্রশ্নগুলি সঙ্গে দেওয়া নথিগুলির উপর ভিত্তি করা এবং ঐতিহাসিক নথি নিয়ে আপনার কাজ করার ক্ষমতা পরীক্ষা করার জন্য তৈরি। প্রতিটি সংক্ষিপ্ত-রচনা ধরনের প্রশ্নের সেটে দু'টি করে নথি আছে। এই প্রশ্নগুলির উদ্দেশ্যে এই নথিগুলির কয়েকটি সম্পাদনা করা হয়েছে। মনে রাখবেন একটি নথিতে ব্যবহৃত ভাষা এবং ছবি সেই সময়ের ঐতিহাসিক প্রসঙ্গের প্রতিফলন করতে পারে যখন এটি তৈরি করা হয়।**

---

### SEQ সেট 1 (প্রশ্ন 29)

কাজ: **নিম্নলিখিত নথিগুলি পড়ুন এবং বিশ্লেষণ করুন, আপনার সমাজ বিদ্যার জ্ঞান প্রয়োগ করে দুই বা তিন অনুচ্ছেদের একটি সংক্ষিপ্ত রচনা লেখার জন্য যাতে আপনি:**

- এই নথিগুলির সাথে যে ঐতিহাসিক প্রসঙ্গ জড়িত তা বর্ণনা করুন
- এই নথিগুলিতে পাওয়া ঘটনা এবং/অথবা ধারণাগুলির মধ্যে ***সম্পর্ক*** সনাক্ত করুন এবং ব্যাখ্যা করুন (কারণ এবং প্রভাব, ***বা*** মিল/পার্থক্য, ***বা*** সন্ধিক্ষণ)

আপনার দুই বা তিন অনুচ্ছেদের সংক্ষিত রচনাটি তৈরি করার সময় অবশ্যই এই ব্যাখ্যাগুলি মনে রাখবেন:

**বর্ণনা করুন** অর্থ "কোনো কিছু শব্দে বোঝানো বা তা সম্পর্কে বলা।"

**ঐতিহাসিক প্রসঙ্গ** অর্থে "এই নথিগুলিতে দেওয়া ঘটনা, ধারণা, বা বিকাশের সাথে জড়িত বা সেগুলিকে যুক্ত করে এমন প্রাসঙ্গিক ঐতিহাসিক পরিস্থিতি।"

**সনাক্ত করুন** অর্থ "একটি নাম দেওয়া বা নাম করা।"

**ব্যাখ্যা করুন** অর্থ "সরল করা বা বোঝা যায় এমন করা; কোনো কিছুর জন্য কারণ দেওয়া বা কোনো কিছুর কারণ বলা; কোনো কিছুর যুক্তিসম্মত বিকাশ বা কোনো কিছুর সাথে সম্পর্ক।"

**সম্পর্কের ধরন:**

**কারণ** অর্থ "কোনো কিছু যা একটি ঘটনা ঘটার প্রতি অবদান রাখে, একটি ধারণার জাগরণ, অথবা কোনো বিকাশ সংঘটিত করা।"

**প্রভাব** অর্থে "একটি ঘটনা, একটি ধারণা বা একটি বিকাশের পরিণামস্বরূপ যা ঘটে (ফলাফল, প্রভাব, পরিণতি)।"

**মিল** বলে কীভাবে "কোনো কিছু অন্য কোনো কিছুর মত হয় বা একই হয়।"

**পার্থক্য** বলে কীভাবে "কোনো কিছু অন্য কোনো কিছুর মত নয় বা একই নয়।"

**সন্ধিক্ষণ** হল "বড় ঘটনা, ধারণা, বা ঐতিহাসিক বিকাশ যা উল্লেখযোগ্য পরিবর্তন নিয়ে আসে। এটি স্থানীয়, আঞ্চলিক, জাতীয়, বা বৈশ্বিক হতে পারে।"

***SEQ সেট 1 নির্দেশনা* (প্রশ্ন 29):** নিম্নলিখিত নথিগুলি পড়ুন এবং বিশ্লেষণ করুন আপনার সংক্ষিপ্ত রচনাটি একটি পৃথক রচনার পুস্তিকায় লেখার আগে।

**নথি 1**

. . . অন্য দেশের সাথে বাণিজ্যিক সম্পর্ক স্থাপন করে তাদের সাথে রাজনৈতিক সম্পর্ককে যত ভালো করা যায়, তাইই আমাদের লক্ষ্য। আমরা ইতোমধ্যে যতগুলো সম্পর্ক স্থাপন করেছি, তারা সুবিশ্বাসের সাথে দৃঢ়ভাবে প্রতিষ্ঠিত হয়েছে। এখানে থামা যাক।

ইউরোপের প্রাথমিক আগ্রহের বিষয়ের প্রতি আমাদের আগ্রহ অতি ক্ষীণ বা প্রায় নেই বললেই চলে। অতঃপর, তিনি হয়তো বিতর্কে জড়িয়েছেন, আমাদের ধারণায় সেগুলো বিদেশ সম্বন্ধীয়। তাই, নিজেদেরকে তার এই রাজনৈতিক অস্থিরতার জন্য কিংবা বন্ধুত্ব বা শত্রুতার কৃত্রিম বিবাদের বাঁধনে সংযুক্ত করা আমাদের জন্য বোকামি।

আমাদের বিযুক্তিমূলক ও দূরত্বের অবস্থান আমাদের নতুন কোর্স বেছে নেওয়ার সুবিধা দেয়। আমরা যদি ঐক্যবদ্ধ ভাবে একটিমাত্রই সরকারে অধীনে থাকি, তাহলে সে সময় বেশি দূরে নয় যখন বহিরাগত কারণে হওয়া কোনো সম্পদের ক্ষতিকে আমরা নিজেরাই পূরণ করতে পারব, এমনকি এই মনোভাব নিলে আমরা নিরপেক্ষতাও বজায় রাখতে পারব ও বিচক্ষণভাবে এর সমাধানও করতে পারব, যুদ্ধরত দেশ আমাদের উপর আধিপত্য করার অপারগতাকে স্বীকার করে আমাদের প্ররোচিত করবে না, ফলত আমরা যুদ্ধ বা শান্তি কোনটা চাই তা নিজের ইচ্ছেমতো বেছে নিতে পারব, ন্যায়ের দ্বারা পরিচালিত হতে পারব...

উৎস: President George Washington, Farewell Address, September 19, 1796

**নথি 2-তে যান ⇨**

**নথি 2**

> . . . মার্কিন যুক্তরাষ্ট্রের জনগণ ইউরোপীয় অংশে থাকা আটলান্টিকের পাশে বসবাসকারী মানুষের স্বাধীনতা ও মুক্তিতে সবচেয়ে বেশি অনুভূতিপ্রবণ হয়ে ওঠে। ইউরোপীয়দের ক্ষমতাসমস্যা সংক্রান্ত যুদ্ধে আমরা না কখনো অংশগ্রহণ করেছি, না এটা পলিসির জন্য উপযুক্ত হত।
>
> একমাত্র আমাদের অধিকার খর্ব হলে অথবা তীব্র আঘাত নেমে এলে তবেই নিজেদের রক্ষা করার কথা ভাবি। এই পৃথিবীর চলতে থাকা ছাড়াও আমাদের আরও কিছু আশু প্রয়োজনীয়তা আছে, যেকোনো নিরপেক্ষ ও আধুনিক পর্যবেক্ষকের কাছে তা স্পষ্টরূপে বোধগম্য হবে. . . .
>
> অতঃপর, আমরা মার্কিন যুক্তরাষ্ট্রের পক্ষ থেকে তার সাথে সক্রিয় অন্য শক্তিগুলোর কাছে সততার সঙ্গে বন্ধুত্বপূর্ণভাবে অকপটে স্বীকার করছি যে ওই শক্তিগুলি যদি নিজেদেরকে বাড়ানোর একটুও চেষ্টা করে তবে তা আমাদের নিরাপত্তা ও শান্তি বজায় রাখার ক্ষেত্রে বিপজ্জনক হবে। কোনো উপনিবেশে অথবা অন্য কোনো ইউরোপীয় শক্তিনির্ভর দেশে আমরা কখনো ঢুকিনি আর ঢুকবোও না। কিন্তু, যাদের সরকার তাদেরকে স্বাধীন বলে ঘোষণা করেছে ও তা বজায় রেখেছে, এমনকি যাদের স্বাধীনতাকে আমরা নীতির সাথে স্বীকার করি আমরা তাঁদের উপর কোনো প্রকার আধিপত্য কায়েম করার কিংবা তাঁদের ভাগ্য নির্ধারণ করার কারণ দেখছি না, এমনকি মার্কিন যুক্তরাষ্ট্রের প্রতি বিরূপ মনোভাব প্রকাশ করা ছাড়া এর কোনো অর্থ বোঝার যোগ্য নয়. . . .

উৎস: James Monroe, message to Congress outlining what became known as the Monroe Doctrine, December 2, 1823

---

## SEQ সেট 1 (প্রশ্ন 29)

**কাজ: আপনার এই নথিগুলি পড়ার এবং বিশ্লেষণ করার উপর ভিত্তি করে, আপনার সমাজ বিদ্যার জ্ঞান প্রয়োগ করুন দুই বা তিন অনুচ্ছেদের একটি সংক্ষিপ্ত রচনা লেখার জন্য যাতে আপনি:**

- এই নথিগুলির সাথে যে ঐতিহাসিক প্রসঙ্গ জড়িত তা বর্ণনা করুন
- এই নথিগুলিতে পাওয়া ঘটনা এবং/অথবা ধারণাগুলির মধ্যে ***সম্পর্ক*** সনাক্ত করুন এবং ব্যাখ্যা করুন (কারণ এবং প্রভাব, ***বা*** মিল/পার্থক্য, ***বা*** সন্ধিক্ষণ)

**নির্দেশিকা:**

**আপনার সংক্ষিপ্ত রচনায় অবশ্যই**
- কাজটির সকল দিক বিকাশ করবেন
- প্রাসঙ্গিক বহিরাগত তথ্য অন্তর্ভুক্ত করবেন
- কাজটি প্রাসঙ্গিক তথ্য এবং উদাহরণের সাহায্যে সমর্থন করবেন

আপনার দুই বা তিন অনুচ্ছেদের সংক্ষিপ্ত রচনায় একটি পৃথক ভূমিকা বা উপসংহার অন্তর্ভুক্ত করার প্রয়োজন *নেই*।

## SEQ সেট 2 (প্রশ্ন 30)

**কাজ: নিম্নলিখিত নথিগুলি পড়ুন এবং বিশ্লেষণ করুন, আপনার সমাজ বিদ্যার জ্ঞান প্রয়োগ করে দুই বা তিন অনুচ্ছেদের একটি সংক্ষিপ্ত রচনা লেখার জন্য যাতে আপনি:**

- নথি 1 এবং 2 এর সাথে জড়িত ঐতিহাসিক প্রসঙ্গ বর্ণনা করুন
- **নথি 1** বিশ্লেষণ করুন এবং ব্যাখ্যা করুন কিভাবে *পাঠক*, **বা** উদ্দেশ্য, **বা** *পক্ষপাত*, **বা** *দৃষ্টিভঙ্গি* এই নথিটিকে একটি বিশ্বাসযোগ্য প্রমাণের উৎস হিসেবে ব্যবহার করার ক্ষেত্রে প্রভাবিত করে

আপনার দুই বা তিন অনুচ্ছেদের সংক্ষিত রচনাটি তৈরি করার সময় অবশ্যই এই ব্যাখ্যাগুলি মনে রাখবেন:

**বর্ণনা করুন** অর্থ "কোন কিছু শব্দে বোঝানো বা তা সম্পর্কে বলা।"

**ঐতিহাসিক প্রসঙ্গ** অর্থে "এই নথিগুলিতে দেওয়া ঘটনা, ধারণা, বা বিকাশের সাথে জড়িত বা সেগুলিকে যুক্ত করে এমন প্রাসঙ্গিক ঐতিহাসিক পরিস্থিতি।"

**বিশ্লেষণ করুন** অর্থ "একটি নথি পরীক্ষা করা এবং তার উপাদানগুলি এবং সম্পর্কগুলি নির্ধারন করা।"

**ব্যাখ্যা করুন** অর্থ "সরল করা বা বোঝা যায় এমন করা; কোনো কিছুর জন্য কারণ দেওয়া বা কোনো কিছুর কারণ বলা; কোনো কিছুর যুক্তিসম্মত বিকাশ বা কোনো কিছুর সাথে সম্পর্ক।"

**নির্ভরযোগ্যতা** নির্ধারণ করা হয় একটি উৎসে প্রাপ্ত তথ্য কতটা নিখুঁত এবং উপযোগী একটি নির্দিষ্ট উদ্দেশ্য সাধনের জন্য তার উপর ভিত্তি করে।

***SEQ সেট 2 নির্দেশনা* (প্রশ্ন 30):** নিম্নলিখিত নথিগুলি পড়ুন এবং বিশ্লেষণ করুন আপনার সংক্ষিপ্ত রচনাটি একটি পৃথক রচনার পুস্তিকায় লেখার আগে।

**নথি 1**

**পরবর্তী**




উৎস: Udo J. Keppler, Puck, September 7, 1904 (অভিযোজিত)

**নথি 2**

তেলের ব্যবসার খুঁটিনাটি জানতে এর রন্ধ্রে রন্ধ্রে যেকোনো সময়ে পৌঁছে যাওয়া, তার দুর্বলতম অংশকেও নিয়ন্ত্রণ করা ছিল জন ডি. রকফেলার (John D. Rockefeller)-এর ব্যবসার আদর্শ। ভূগর্ভে সৃষ্টি হওয়া থেকে কোনো গৃহবধূর কাছে এসে পৌঁছানো অবধি কোনো একটি নির্দিষ্ট গ্যালন তেলের পুঙ্খানুপুঙ্খ পরিচালনা করতে পারা তার কাছে একটি বৌদ্ধিক ব্যায়ামের অংশ ছিল। তার বিখ্যাত মেশিনে যেন তার জানার বাইরে এমন কিছু না থাকে যা ভালমতো কাজ করছে না। এই আদর্শকে সম্পন্ন করতে ও তার প্রয়োজনকে তৃপ্ত করতে 1870-এর শেষভাগে তেল পরিশোধন ও তেল রপ্তানির পর বিশ্বের তেলের বাজার সংগঠিত করতে থাকেন। মি. রকফেলার (Mr. Rockefeller) শুধুমাত্র তার নিজের কৌতূহলী বুদ্ধি দ্বারা সংগঠনের এই নতুন কাজের জন্য পরিচালিত হননি; তার মনের জন্য এতটা ঘৃণ্য [আতঙ্কজনক] জিনিস—প্রতিযোগিতা দ্বারা তিনি এই দিকে চালিত হয়েছিলেন। তিনি যেমন জানিয়েছেন, যদি তেলের গোটা বাণিজ্য তার হতো এবং পৃথিবীর সমস্ত তেলকে তিনি পরিশোধন করার ক্ষমতা তৈরি করতে পারতেন, তাহলে ফলাফলস্বরূপ বিশ্বের বাজার তার হাতে থাকত...

উৎস: Ida Tarbell, *The History of the Standard Oil Company,* 1904

---

## SEQ সেট 2 (প্রশ্ন 30)

**কাজ: আপনার এই নথিগুলি পড়ার এবং বিশ্লেষণ করার উপর ভিত্তি করে, আপনার সমাজ বিদ্যার জ্ঞান প্রয়োগ করুন দুই বা তিন অনুচ্ছেদের একটি সংক্ষিপ্ত রচনা লেখার জন্য যাতে আপনি:**

- নথি 1 এবং 2 এর সাথে জড়িত ঐতিহাসিক প্রসঙ্গ বর্ণনা করুন
- **নথি 1** বিশ্লেষণ করুন এবং ব্যাখ্যা করুন কিভাবে *পাঠক*, **বা** *উদ্দেশ্য*, **বা** *পক্ষপাত*, **বা** *দৃষ্টিভঙ্গি* এই নথিটিকে একটি বিশ্বাসযোগ্য প্রমাণের উৎস হিসেবে ব্যবহার করার ক্ষেত্রে প্রভাবিত করে

**নির্দেশিকা:**

**আপনার সংক্ষিপ্ত রচনায় অবশ্যই**
- কাজটির সকল দিক বিকাশ করবেন
- প্রাসঙ্গিক বহিরাগত তথ্য অন্তর্ভুক্ত করবেন
- কাজটি প্রাসঙ্গিক তথ্য এবং উদাহরণের সাহায্যে সমর্থন করবেন

আপনার দুই বা তিন অনুচ্ছেদের সংক্ষিপ্ত রচনায় একটি পৃথক ভূমিকা বা উপসংহার অন্তর্ভুক্ত করার প্রয়োজন *নেই*।

নাম ______________________________ স্কুল ______________________________

## অংশ III

## নাগরিক স্বাক্ষরতা সংক্রান্ত রচনা (প্রশ্ন 31-37)

**নাগরিক স্বাক্ষরতা সংক্রান্ত রচনা প্রশ্নটি এর সাথে থাকা নথির উপর ভিত্তি করা। প্রশ্নটি আপনার ঐতিহাসিক নথি নিয়ে কাজ করার ক্ষমতার পরীক্ষা করার জন্য তৈরি। এই প্রশ্নের উদ্দেশ্যে এই নথিগুলির কয়েকটি সম্পাদনা করা হয়েছে। নথিগুলি বিশ্লেষণ করার সময় প্রতিটি নথির উৎস এবং যেকোনো দৃষ্টিভঙ্গি যা এই নথিতে উপস্থাপন করা হতে পারে তা বিবেচনা করুন। মনে রাখবেন একটি নথিতে ব্যবহৃত ভাষা এবং ছবি সেই সময়ের ঐতিহাসিক প্রসঙ্গের প্রতিফলন করতে পারে যখন এটি তৈরি করা হয়।**

**ঐতিহাসিক প্রেক্ষাপট: আফ্রিকান আমেরিকানদের ভোটাধিকার**

মার্কিন যুক্তরাষ্ট্রের ইতিহাস জুড়ে বহু সাংবিধানিক ও নাগরিক সমস্যা নিয়ে মার্কিনদের মধ্যে বিতর্ক তৈরি হয়েছে। মৌলিক কোনো ব্যক্তি, গোষ্ঠী এবং সরকারের দ্বারা সমস্যাগুলির সমাধানেরও চেষ্টা হয়েছে। প্রচেষ্টাগুলি বিভিন্ন মাত্রায় সফলতাও পেয়েছে। *আফ্রিকান আমেরিকানদের ভোটাধিকার*- হল এই সাংবিধানিক ও নাগরিক সমস্যাগুলির মধ্যেক একটি।

**কাজ:** অংশ A-তে দেওয়া নথিগুলি পড়ুন এবং বিশ্লেষণ করুন। নথিগুলি থেকে পাওয়া তথ্য এবং মার্কিন যুক্তরাষ্ট্রের ইতিহাস সম্পর্কে আপনার জ্ঞান ব্যবহার করে, অংশ A-তে দেওয়া প্রতিটি নথির পরে দেওয়া প্রশ্নগুলির উত্তর দিন। প্রশ্নগুলির প্রতি আপনার দেওয়া উত্তর আপনাকে অংশ B-তে দেওয়া রচনাটি লিখতে সাহায্য করবে যেখানে আপনাকে বলা হবে

- এই সাংবিধানিক বা নাগরিক বিষয়ের সাথে জড়িত ঐতিহাসিক পরিস্থিতির বর্ণনা করুন
- এই সাংবিধানিক বা নাগরিক বিষয়ের মোকাবিলা করার জন্য ব্যক্তি, দল, এবং/অথবা সরকারের প্রচেষ্টাগুলির ব্যাখ্যা করুন
- মার্কিন যুক্তরাষ্ট্র এবং/অথবা আমেরিকান সমাজের উপর এই প্রচেষ্টাগুলির প্রভাব আলোচনা করুন

**অংশ III এর উত্তরগুলি তৈরি করার সময় অবশ্যই এই সাধারণ সংজ্ঞাগুলি মনে রাখবেন:**

**(a) <u>বর্ণনা করুন</u> অর্থ "কোনো কিছু শব্দে বোঝানো বা তা সম্পর্কে বলা"**

**(b) <u>ব্যাখ্যা করুন</u> অর্থ "সরল করা বা বোঝা যায় এমন করা; কোনো কিছুর জন্য কারণ দেওয়া বা কোনো কিছুর কারণ বলা; কোনো কিছুর যুক্তিসম্মত বিকাশ বা কোনো কিছুর সাথে সম্পর্ক"**

**(c) <u>আলোচনা করুন</u> অর্থ "কোনো কিছু সম্পর্কে পর্যবেক্ষণ করা তথ্য, যুক্তি, এবং তর্ক ব্যবহার করে; বিশদভাবে পেশ করা"**

**নাগরিক স্বাক্ষরতা সংক্রান্ত রচনা**
**অংশ A**
**সংক্ষিপ্ত-উত্তরের প্রশ্নসমূহ (31–36)**

*নির্দেশনা:* নথিগুলি বিশ্লেষণ করুন প্রতিটি নথির পরে যে সংক্ষিপ্ত প্রশ্নগুলি আছে প্রদত্ত স্থানে তার উত্তর দিন।

**নথি 1**

. . . রাজ্যের এই চক্রান্তের ফলস্বরূপ তারা দক্ষিণ অঞ্চলে কৃষ্ণাঙ্গ ভোটদানের অধিকারকে আংশিকভাবে বাতিল করতে সফল হয়। যদিও অতি দরদী নির্বাচনী কর্মকর্তা রেজিস্টার করার নতুন যোগ্যতা পূরণে অযোগ্য শ্বেতাঙ্গদের ভোটদানের সুযোগ দেন, তবুও শ্বেতাঙ্গ ভোটারের সংখ্যাও হ্রাস পায়। উদাহরণস্বরূপ, লুইসিয়ানা কৃষ্ণাঙ্গ ভোটারের সংখ্যা এক লক্ষ তিরিশ হাজার থেকে কমিয়ে এক লক্ষ করা হয়। তবে, প্রায় আশি হাজার শ্বেতাঙ্গ ভোটারও ভোটাধিকার হারায়। 1898 সালে, *উইলিয়ামস (Williams)* ও. *মিসিসিপি*-তে শাসন কায়েম করে ভোটাধিকার হরণ আন্দোলনকে সুপ্রিম কোর্ট এই মর্মে সমর্থন জানায় যে সংবিধান অনুসারে 1890-এর ভোটাধিকার আইন-এর পনেরোতম সংশোধনকে তারা লঙ্ঘন করে না। কারণ "তারা প্রত্যক্ষ ভাবে বর্ণবিভাজন করে না"।

প্রায় সকল কৃষ্ণাঙ্গ ও শ্বেতাঙ্গদের ভোটাধিকার বাতিল হওয়া কেবল যে উনিশ শতকের সার্বজনীন ভোটাধিকারের দাবিকেই উল্টোদিকে ঘুরিয়ে দেয় তাইই নয়, উপরন্তু, গোটা দক্ষিণ অঞ্চলকে নগণ্য এলাকায় (যেখানে, জনসংখ্যার নিরিখে ভোটার সংখ্যা প্রায় খুবই কম) পরিণত করে, যার মাধ্যমে কংগ্রেসের প্রতিনিধিরা সেখানে নগণ্য ভোটাধিকারের অধিকার পেরিয়ে জাতীয় ক্ষেত্রে অনেক বড় ক্ষমতা ভোগ করে। চোদ্দতম সংশোধনী আইন মোতাবেক যদি কোনো রাজ্য ভোটাধিকার থেকে একটি পুরুষ গোষ্ঠীকে বঞ্চিত করে, সেক্ষেত্রে তা কংগ্রেসে অংশ নেওয়ার অধিকার হারাবে। তবে, বাকি ফেডারেল সাংবিধানিক আইনের মতন এটিও আফ্রিকান আমেরিকানদের উদ্বেগকে জিইয়ে রেখেই ব্যর্থ হয় [ব্যর্থ প্রতিশ্রুতি]. . . .

উৎস: Eric Foner, *Forever Free: The Story of Emancipation and Reconstruction,* Vintage Books, 2005

31 এই নথি অনুসারে আফ্রিকান আমেরিকানদের ভোটাধিকার সংক্রান্ত ***একমাত্র*** পরিস্থিতিতিটি কী? [1]

Score

**নথি 2**

এটি আনুমানিক 1901 সালে ফিলাডেলফিয়াতে প্রকাশিত প্যামফ্লেটের উদ্ধৃতি। এটি সেই সমস্ত রিফর্মার যারা আফ্রিকান আমেরিকানদের সমর্থন করতেন এবং দক্ষিণ অংশগুলিতে ভোটাধিকার প্রয়োগের চেষ্টা করতেন তাদের লেখা।

**দক্ষিণী রাজ্যগুলিতে যে বিষয়টি একজন ব্যক্তিকে ভোটদানের যোগ্য করে তোলে**

---

সাংবিধানিক আইনানুসারে দক্ষিণী অঞ্চলে ভোট দেওয়ার যোগ্য হতে গেলে কী প্রয়োজন সে ব্যাপারে হয়তো আপনি জানেন, আমরা সেই প্রতিটি অঞ্চলের প্রত্যেকটির জন্য কর্তব্যের তালিকা দিচ্ছি:-

আলাবামা, লুইসিয়ানা, মিসিসিপি, উত্তর ক্যারোলিনা, দক্ষিণ ক্যারোলিনা, ভার্জিনিয়া ও টেনেসিতে

*আপনাকে অবশ্যই নিজের পোল ট্যাক্স দিতে হবে।*

*আপনাকে অবশ্যই রেজিস্টার করতে হবে ও নিজের রেজিস্ট্রেশন সার্টিফিকেট দেখাতে হবে।*

*পড়তে ও লিখতে জানলে আপনি রেজিস্টার করতে পারবেন।*

Alabama(আলাবামা), Louisiana(লুইসিয়ানা) এবং South Carolina(দক্ষিণ ক্যারোলিনা)-তে।

*পড়তে ও লিখতে না জানলে, সেক্ষেত্রে আপনার কাছে $300-এর সম্পত্তি থাকলে তবেই রেজিস্টার করতে পারবেন।*

Arkansas(আরকানসাস) ও Georgia(জর্জিয়া)-এ।

*আপনাকে অবশ্যই নিজের পোল ট্যাক্স দিতে হবে।*

Florida(ফ্লোরিডা), Kentucky(কেন্টুকি), Texas(টেক্সাস) ও West Virginia(পশ্চিম ভার্জিনিয়া)-এ

*আপনাকে রাজ্যের বাসিন্দা হতে হবে।*

---

*যেকোনো প্রকার অপরাধে কোনো ব্যক্তির নাম জড়ালে সে ভোটাধিকার পাবে না।*

উৎস: *What a colored man should do to vote,* Press of E. A. Wright, Philadelphia, ca. 1901

32 এই নথি অনুযায়ী, আফ্রিকান আমেরিকানদের ভোটাধিকারে প্রভাব বিস্তারকারী ***একটি*** কারণ কী? [1]

Score

**নথি 3**

**ওরিয়েন্টেশন গ্রীষ্মকালীন স্বেচ্ছাসেবক তৈরি করে।**

> অক্সফোর্ড, ওহিও থেকে 750 জনেরও বেশি স্বেচ্ছাসেবক মিসিসিপি-তে গ্রীষ্মকালীন কাজের জন্য দু-সপ্তাহ-ব্যাপী ওরিয়েন্টেশন প্রোগ্রাম পাস করে।
>
> 223 জনের প্রথম দল জুন মাসের 21 তারিখ মিসিসিপিতে আসে। তিনজন ইতোমধ্যেই নিখোঁজ, অনুমান করা হচ্ছে তারা অসৎসঙ্গে লিপ্ত হয়েছে....
>
> গ্রীষ্মকালীন স্বেচ্ছাসেবক, যাদের 60%-ই শ্বেতাঙ্গ, তারা ভোটার রেজিস্ট্রেশন, পুরুষ কমিউনিটি সেন্টার এবং স্বাধীনতার পাঠদানকারী বিদ্যালয়ে পড়ানোর কাজে নিযুক্ত হন।
>
> প্রস্তুতি পর্বটি ওয়াশিংটন ডি. সির অহিংস শিক্ষার্থী সহযোগী কমিটির (SNCC) সদস্য রেভার্যান্ড ব্রুস হ্যান্সন (Bruce Hanson)-এর নির্দেশনায় National Council of Churches (জাতীয় চার্চ কাউন্সিল) দ্বারা পরিচালিত হয়, এই দল গ্রামীণ এলাকায় নাগরিক অধিকারের জন্য কাজ করার ও গ্রীষ্মকালীন স্বেচ্ছাসেবকদের সহায়তা করার ক্ষেত্রে পথপ্রদর্শক. . . .
>
> প্রথম সপ্তাহের দলটি রাষ্ট্রপতি লিন্ডন বি. জন্সন (Lyndon B. Johnson)-এর কাছে তাদের জন্য, এবং মিসিসিপিবাসী সমস্ত স্থানীয় কৃষ্ণাঙ্গ (আফ্রিকান আমেরিকান)-দের নিরাপত্তা দেওয়ার জন্য স্পষ্ট আবেদন জানায়। নাগরিক অধিকার রক্ষার্থে FBI প্রতিনিধি, ফেডারেল মার্শাল, কিংবা পুলিশি ক্ষমতা প্রয়োগের মতো তিনটি ফেডারেল আইন থাকা সত্ত্বেও একজন বিচার বিভাগীয় কর্মকর্তা জানান, সরকার তাদের নিরাপত্তা দিতে পারবে না. . . .

উৎস: *The Student Voice*, Student Nonviolent Coordinating Committee, June 30, 1964

33 এই নথি অনুযায়ী, আফ্রিকান আমেরিকানদের ভোটাধিকার সংক্রান্ত সমস্যা সমাধানকারী ***একটি*** পদক্ষেপ কী? [1]

Score

**ডকুমেন্ট 4**

> একজন মার্কিন নাগরিকের ভোটদান—নিশ্চিতভাবেই এতে উল্লেখের কছু নেই। তবে, 1960-এর দশকে দক্ষিণে বাসকারী একজন ব্যক্তির কাছে এটা ছিল একটি সাংঘাতিক, অবৈধ কাজ। পোল ট্যাক্স, সাক্ষরতা পরীক্ষা, রেজিস্ট্রেশন ইত্যাদির কারণে তা অতিক্রম করা ছিল প্রায় অসম্ভব। যদি ঘটনাচক্রে কেউ ভোটাধিকার পেয়েও যেত তাহলে তার নাম সংবাদপত্রে প্রকাশ করে সাবধান করা হত, এবং তার নিয়োগকারী ও অন্যান্যদের তাকে থামানোর পরামর্শ দেওয়া হত। যে সমস্ত কৃষ্ণাঙ্গ পুরুষ বা মহিলা ভোট দেওয়ার দুঃসাহস দেখাতেন, তারা কাজ, বাড়ি এমনকি জীবনও হারাতেন।
>
> তবুও তারা লড়াই চালিয়ে যান। তারা কাউন্টি আদালতে মিছিল করেন, শেরিফদের মুখোমুখি হন এবং জেলে যান। 1965 সালের মার্চ মাসের 7 তারিখ আলাবামার সেলমাতে রাষ্ট্রীয় সৈন্য ও স্থানীয় নজরদারদের দ্বারা তাদের উপর নৃশংস আক্রমণ নেমে আসে, এই দিনটি Bloody Sunday (রক্তাক্ত রবিবার) নামে পরিচিত। এই ঘটনা জাতির বিবেকে নাড়া দেয়, যার ফলস্বরূপ রাষ্ট্রপতি লিন্ডন বি জনসন (Lyndon B. Johnson) তার রাজনৈতিক স্বার্থেই একটি ভোটাধিকার বিল পাস করেন। এটি আলাবামা ও দক্ষিণের যেকোনো অঞ্চলে লক্ষাধিক মানুষকে ভোটদানের অধিকার দেয়। ভোটাধিকার আইন [1965] মার্কিনী গণতন্ত্রের বদল ঘটায়, এটি বিভিন্ন ভাবেই ছিল শেষ মুক্তি আইন, যা আব্রাহাম লিঙ্কন (Abraham Lincoln) 1863 সালে শুরু করেছিলেন...

উৎস: Gary May, *Bending Toward Justice: The Voting Rights Act and the Transformation of American Democracy*, 2013

34 এই নথি অনুসারে আফ্রিকান আমেরিকানদের ভোটাধিকার সংক্রান্ত সমস্যা সমাধানের জন্য গৃহীত ***একটি*** পদক্ষেপ কী? [1]

________________________________________

________________________________________

Score

## ডকুমেন্ট 5

**দক্ষিনাঞ্চলে, 1965-এর আগে ও পরে হওয়া জাতিভিত্তিক নথিভুক্তিকরণ ভোটাধিকার আইন ও রূপান্তরের আওতায়**

| | আইন-পূর্ববর্তী রজেস্ট্রেশেন (1965) | | আইন-পরবর্তী রজেস্ট্রেশেন (1967) | |
|---|---|---|---|---|
| | কৃষ্ণাঙ্গ | শ্বেতাঙ্গ | কৃষ্ণাঙ্গ | শ্বেতাঙ্গ |
| আলাবামা | 19.3 | 69.2 | 51.6 | 89.6 |
| জর্জিয়া | 27.4 | 62.6 | 52.6 | 80.3 |
| লুইসয়িানা | 31.6 | 80.5 | 58.9 | 93.1 |
| মসিসিপি | 6.7 | 69.9 | 59.8 | 91.5 |
| উত্তর ক্যারোলনিা | 46.8 | 96.8 | 51.3 | 83.0 |
| দক্ষিণ ক্যারোলনিা | 37.3 | 75.7 | 51.2 | 81.7 |
| ভার্জনিয়িা | 38.3 | 61.1 | 55.6 | 63.4 |
| সর্বমোট | 29.3 | 73.4 | 52.1 | 79.5 |

উৎস: U.S. Commission on Civil Rights, 1975 (অভিযোজিত)

**মনে রাখবেন:** উক্ত পরিসংখ্যানটি জনসংখ্যার ভোটাধিকারের শতকরা হিসাব আইন-পূর্ববর্তী রেজিস্ট্রেশন মার্চ 1965 থেকে; আইন-পরবর্তী রেজিস্ট্রেশন সেপ্টেম্বর 1967 থেকে। দুই ফিগারই আনুমানিক।

35 এই নথি অনুযায়ী, দক্ষিণে আফ্রিকান আমেরিকানদের ভোটাধিকার আইনের ***একটি*** প্রভাব কী? [1]

Score

**নথি 6a**

নিম্নলিখিত মন্তব্যগুলি ভোটাধিকার আইনের 50তম বর্ষপূর্তিতে রাষ্ট্রপতি বারাক ওবামা (Barack Obama)-র করা।

. . . কংগ্রেসম্যান জন লুইস (John Lewis) বলেছিলেন, 50 বছর আগে এইদিনে রাষ্ট্রপতি জন্সন (Johnson) ভোটাধিকার আইনে স্বাক্ষর করে এই গুরুত্বপূর্ণ আইনকে রক্ষা করতে চেয়েছিলেন। এটি আফ্রিকান আমেরিকানদের রাজ্যে ও স্থানীয় এলাকায় ভোটাধিকার প্রয়োগের পথে পাওয়া যেকোনো আইনি বাধাকে ভেঙ্গে ফেলে। আর আমাদের সকলের শুধু যে জন লুইস (John Lewis)-এর কাছে ঋণ রয়েছে তা নয়, বরং বহু অনামী মানুষ যাদেরকে তাদের প্রচেষ্টার জন্য ভয় দেখানো হয়, তারা যে নির্ভয়ে এসে আবার রেজিস্টার করেছেন, যেমন সাধারণ জনগণ, পরিচারক, লেনদেনকারী প্রমুখদের কাছেও অগাধ ঋণ রয়েছে। যদি তারা জাতির বিবেককে জাগ্রত না করতেন, তবে রাষ্ট্রপতি চূড়ান্তভাবে এই মৌলিক আইনটি পাস করার জন্য প্রয়োজনীয় রাজনৈতিক সমর্থন সংগ্রহ করতে পারতেন না. . . .


তবে, আজও বিভিন্নভাবে জনগণকে ভোটদানে বাধা দেওয়ার চেষ্টা করা হয়। ভোটাধিকার আইনের স্বীকৃত বেশ কিছু নিরাপত্তা বিধি কোর্টের সিদ্ধান্ত ও অপব্যাখ্যার ফলে দুর্বল হয়ে গেছে। রাজ্য কর্মকর্তারা এমন পদ্ধতি গ্রহণ করেছেন, যাকে আপাতদৃষ্টিতে দেখে নিরপেক্ষ মনে হলেও পরোক্ষে তা ভোটদানে মানুষকে অনুৎসাহী করে দেয়ে, এর ফলে জনগণের মধ্যে সামঞ্জস্যহীনতার সৃষ্টি হতে পারে।

যদি এই সমস্ত ক্রিয়াকলাপ কিংবা প্রবণতাগুলিকে অচিরেই না রুখে জবাবহীন ভাবে বাড়তে দেওয়া হয়, তাহলে তা 50 বছর আগে জেতা লড়াই বিফলে যাবে, এবং আমাদের গণতন্ত্র ক্ষয়প্রাপ্ত হবে। আর তার অর্থ হল যে সারা দেশে ক্ষমতার সারিতে যেসব সিদ্ধান্ত নেওয়া হয় তা অনেকের স্বার্থের পরিবর্তে গুটিকয়েক মানুষের স্বার্থকে প্রতিফলিত করতে শুরু করবে . . .

উৎস: President Barack Obama, “Remarks on the Voting Rights Act,” August 6, 2015

**নথি 6b**

**America(মারকিন যুক্তরাষ্ট্র)-এ ভোটিং-এর সীমাবদ্ধতা**




2010-এর নির্বাচনের পর থেকে, রাজ্যের আইন-নির্মাতারা ভোটদানকে জটিল করে তোলার জন্য একশোরও বেশি পদক্ষেপ গ্রহণ করেছে। আইনি পদক্ষেপগুলির মধ্যে রয়েছে ফটো আইডি থেকে অগ্রিম ভোটিং কাটব্যাক থেকে শুরু করে রেজিস্ট্রেশনের নিষেধাজ্ঞা।

প্রায়, 23টি রাজ্য নিষেধাজ্ঞা লাগু করেছে—13 রাজ্যে ভোটার আইডির উপর নিষেধাজ্ঞা আরোপ করা হয়েছে এবং ছয়টি দেশ কড়াভাবে ফটো আইডির প্রয়োজনীয়তাকে আবশ্যিক করেছে), 11টি রাজ্যে রেজিস্ট্রেশন করার যোগ্যতাকেই কঠিনতর করে তোলা হয়েছে, ছটি রাজ্যে ভোটদিবসে অগ্রিম ভোট বাতিল লাগু হয়েছে, এবং তিনটি অঞ্চল কোনো ব্যক্তির পূর্ববর্তী অপরাধ নথিভুক্ত থাকলে, তাকে ভোটদানের অধিকার থেকে বঞ্চিত করা হয়েছে. . .

উৎস: Brennan Center for Justice, 2017 (অভিযোজিত)

36 এই নথির ভিত্তিতে আফ্রিকান আমেরিকানদের ভোটাধিকার পাওয়ার লড়াই জারি থাকার *একটি* প্রয়োজন কী? [1]

Score

## অংশ B
## নাগরিক স্বাক্ষরতা সংক্রান্ত রচনা ধরনের প্রশ্ন (37)

*নির্দেশনা:* একটি ভালোভাবে সংগঠিত রচনা লিখুন যাতে একটি ভূমিকা, বেশ কয়েকটি অনুচ্ছেদ, এবং একটি উপসংহার রয়েছে। রচনাটিতে অন্তত ***চারটি*** নথি থেকে প্রমাণ ব্যবহার করুন। প্রাসঙ্গিক তথ্য, উদাহরণ, এবং বিশদ তথ্য দিয়ে আপনার প্রতিক্রিয়া সমর্থন করুন। অতিরিক্ত বহিরাগত তথ্য অন্তর্ভুক্ত করুন।

**ঐতিহাসিক প্রেক্ষাপট: আফ্রিকান আমেরিকানদের ভোটাধিকার**

মার্কিন যুক্তরাষ্ট্রের ইতিহাস জুড়ে বহু সাংবিধানিক ও নাগরিক সমস্যা নিয়ে মার্কিনদের মধ্যে বিতর্ক তৈরি হয়েছে। মৌলিক কোনো ব্যক্তি, গোষ্ঠী এবং সরকারের দ্বারা সমস্যাগুলির সমাধানেরও চেষ্টা হয়েছে। প্রচেষ্টাগুলি বিভিন্ন মাত্রায় সফলতাও পেয়েছে। *আফ্রিকান আমেরিকানদের ভোটাধিকার-* হল এই সাংবিধানিক ও নাগরিক সমস্যাগুলির মধ্যেকার একটি সমস্যা।

**কাজ:** নথিগুলি থেকে তথ্য এবং ব্যবহার করে এবং মার্কিন যুক্তরাষ্ট্রের ইতিহাস সম্পর্কে জ্ঞান ব্যবহার করে, একটি রচনা লিখুন যাতে আপনি

- এই সাংবিধানিক বা নাগরিক বিষয়ের সাথে জড়িত ঐতিহাসিক পরিস্থিতির বর্ণনা করুন
- এই সাংবিধানিক বা নাগরিক বিষয়ের মোকাবিলা করার জন্য ব্যক্তি, দল, এবং/অথবা সরকারের প্রচেষ্টাগুলির ব্যাখ্যা করুন
- মার্কিন যুক্তরাষ্ট্র এবং/অথবা আমেরিকান সমাজের উপর এই প্রচেষ্টাগুলির প্রভাব আলোচনা করুন

**নির্দেশিকা:**

**আপনার রচনায় অবশ্যই**

- কাজটির সকল দিক বিকাশ করবেন
- এই বিষয়ের মোকাবিলা করার জন্য অন্তত ***দু'টি*** প্রচেষ্টা ব্যাখ্যা করুন
- অন্তত ***চারটি*** নথি থেকে তথ্য অন্তর্ভুক্ত করুন
- প্রাসঙ্গিক বহিরাগত তথ্য অন্তর্ভুক্ত করবেন
- প্রাসঙ্গিক তথ্য, উদাহরণ, এবং বিশদ তথ্য দিয়ে মূলভাবটি সমর্থন করুন
- সংগঠিত করার জন্য একটি যুক্তিসম্মত এবং স্পষ্ট পরিকল্পনা ব্যবহার করুন, একটি ভূমিকা এবং একটি উপসংহার সহ যা মূলভাব পুনঃব্যক্ত করাকে ছাড়িয়ে যায়

REGENTS EXAM IN U.S. HISTORY AND GOVERNMENT BENGALI EDITION

পুনর্ব্যবহৃত কাগজে মুদ্রিত হয়েছে

REGENTS EXAM IN U.S. HISTORY AND GOVERNMENT BENGALI EDITION